

## সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয় : **EPB-BGMEA** ট্রেনিং প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ প্রদানের জন্য আপনার ফ্যাক্টরী অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশের অর্থনীতির মূল চালিকা শক্তিই RMG তথা পোশাক শিল্প খাত। আন্তর্জাতিক বাজারে শীর্ষ স্থানে রপ্তানী প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে তৈরি পোশাক শিল্পে দক্ষ শ্রমিকের প্রয়োজনীয়তা অপরিহার্য। দক্ষতা অর্জনের অন্যতম উপায় হলো প্রশিক্ষণ। এ লক্ষ্যে বানিজ্য মন্ত্রণালয়ের অর্থায়নে রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB) এর তত্ত্বাবধানে এবং বিজিএমইএ'র পরিচালনায় "তৈরি পোশাক (আরএমজি) শিল্পের শ্রমিক ও ব্যবস্থাপনা কর্মীদের সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচি" প্রকল্পে বিজিএমইএ'র সদস্য কারখানাগুলোকে অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ পরিচালনার উদ্যোগ গ্রহণ করেছে।

প্রশিক্ষণ কোর্সসমূহঃ

ক্রম.	কোর্সের নাম	কোর্সের ধরন	মেয়াদ	প্রতি ব্যাচে
১	Inventory Management	Entry & Midlevel Management	৫ দিন	২০ জন
২	Production Planning Management			
৩	Compliance Norms			
৪	Woven Sewing Machine Operation for RMG Workers	Up Skilling Course for Operator/worker		৩০ জন
৫	Knitting Sewing Machine Operation for RMG Workers			

প্রশিক্ষণের সুবিধাসমূহঃ

- সম্পূর্ণ খরচ প্রকল্প হতে ব্যয় করা হবে ও বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- প্রশিক্ষণ শেষে প্রতি প্রশিক্ষার্থীকে যাতায়াত ও আপ্যায়ন এর অর্থ মোবাইল ব্যাংকিং / ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।

প্রশিক্ষণের শর্তাবলি:

- প্রশিক্ষণ গ্রহণকারী কারখানায় বাধ্যতামূলকভাবে আইপি ক্যামেরা (ভিডিও ও অডিও রেকর্ডিং) সুবিধা থাকতে হবে।
- প্রশিক্ষণ কর্মসূচিতে অগ্রাধিকার ভিত্তিতে **REX (Registered Exporter System)** রপ্তানিকারক প্রতিষ্ঠানের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

উক্ত শর্তাবলী সাপেক্ষে আগ্রহী প্রতিষ্ঠানকে বিজিএমইএ এর SDP সেকশনে [sdp@bgmea.com.bd](mailto:sdp@bgmea.com.bd) ই-মেইল এ আবেদন অথবা ০১৬১১-১১৮৪৯২ (মোঃ মহিউদ্দিন হোসেন, সহকারী সচিব)/ ০১৭১২১৯১৬২২ (মোঃ রাশেদুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব) নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,



মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)

সচিব (ভারপ্রাপ্ত)

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •